S.A (D.M)
Rafiqul
20.11.25
মোঃ রফিকুল হক
সিস্টেম ম্যানেজার

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০১০.১৯-৬৪০

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩২ / ২০ নভেম্বর ২০২৫

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব শুধাংসু কুমার সাহা, প্রাক্তন অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল বর্তমান সিনিয়র সহকারী সচিব (সাময়িক বরখাস্তকৃত), নির্বাচন কমিশন সচিবালয় তিনি জেলা নির্বাচন অফিসার, নোয়াখালী কর্মরত থাকাকালে তার বিরুদ্ধে ২৮.১২.২০১৭ তারিখে অনুষ্ঠিত সোনাইমুড়ি উপজেলার সোনাপুর ইউনিয়ন পরিষদ উপ-নির্বাচনে দায়িত্ব পালনে চরম অবহেলা প্রদর্শন, তৎকালীন সচিব, নির্বাচন কমিশন সচিবালয়-কে প্রাণনাশের হুমকি প্রদান ও মোবাইল ফোনে দূর্ব্যবহার এবং তার বদলির জন্য বিভিন্ন মহল হতে চাপ প্রয়োগের অভিযোগে তাকে সাময়িকভাবে বরখাস্ত করাসহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০২/২০১৮ রুজু করে ০৬.০২.২০১৮ তারিখের ১৭.০০.০০০০.০১৫.২৭.০১৬.১৮-৮৮ নং স্মারকে অভিযোগনামায় তাকে কারণ দর্শানো হয়;

যেহেতু, জনাব শুধাংসু কুমার সাহা কারণ দর্শানোর জবাব প্রদানের জন্য সময় বৃদ্ধির আবেদন করলে তার আবেদন মঞ্জুর হয়; তবে বিধি নির্ধারিত বর্ধিত সময়ের মধ্যেও জবাব প্রদান না করায় এতদবিষয়ে টেলিফোনে তাকে জিজ্ঞাসা করা হলে তিনি লিখিত জবাব দাখিল করেছেন মর্মে জানান; কিন্তু তার লিখিত জবাব নির্বাচন কমিশন সচিবালয়ে না পাওয়ায় লিখিত জবাবের অনুলিপি প্রদানের জন্য পুনরায় টেলিফোনে তাকে অনুরোধ করা হলে তিনি তা প্রদান করতে অস্বীকৃতি জ্ঞাপন করেন;

যেহেতু, জনাব শুধাংসু কুমার সাহা অভিযোগনামার জবাব প্রদান না করায় তথা ব্যক্তিগত শুনানীর আবেদন না করায় তার শুনানী গ্রহণ করা সম্ভব হয়নি; অতঃপর বিভাগীয় কার্যধারায় মামলাটি তদন্তের সিদ্ধান্ত হয়; জনাব মোঃ শাহেদুন্নবী চৌধুরী, প্রাক্তন উপসচিব (সংস্থাপন), নির্বাচন কমিশন সচিবালয়-কে মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; তদন্ত কর্মকর্তা অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত মর্মে ০৭.০১.২০১৯ তারিখের ১৭.০০.০০০০.০০৯.১৮.০০৫.১৭-০১ নং স্মারক মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, অভিযোগ ও তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় তার অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) অনুযায়ী ০৫(পাঁচ) বছরের জন্য তার বার্ষিক "বেতন বৃদ্ধি স্থগিত" নামীয় লঘুদন্ড প্রদান করতঃ এবং তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করতঃ ১৭.০০.০০০০.০১৫.২৭.০১৬.১৮-৩৩৫ নং স্মারক মূলে বিগত ৩০.০৫.২০১৯ তারিখে দন্ডাদেশ জারি করা হয়;

যেহেতু, প্রদত্ত দন্ডাদেশের বিরুদ্ধে জনাব শুধাংসু কুমার সাহা বিধি মোতাবেক আপিল দায়ের না করে বিধি বহির্ভূতভাবে মহামান্য রাষ্ট্রপতি বরাবর পুনর্বিবেচনার আবেদন করায় তাকে বিধি অনুসরণক্রমে আপিল করার জন্য অনুরোধ করা হলেও তার আপিল আবেদন পাওয়া যায়নি;

যেহেতু, জনাব শুধাংসু কুমার সাহা তাকে প্রদত্ত দন্ডাদেশের বিরুদ্ধে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়-কে প্রতিপক্ষ করে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বরিশালে এ. টি মামলা নং-২২/২০১৯ দায়ের করলে বিগত ১৬.০৯.২০২১ তারিখে উক্ত এ. টি মামলায় আদেশ হয় যে, "দরখাস্তকারীর দাখিলকৃত এ. টি ২২/২০১৯ নং মামলাটি ১-৩ নং প্রতিপক্ষের সহিত দোতরফা সূত্রে মঞ্জুর হলো। নির্বাচন কমিশন সচিবালয়ের ০২/২০১৮ নং বিভাগীয় মামলায় ৩০/০৫/২০১৯ ইং তারিখে ১নং প্রতিপক্ষ স্বাক্ষরিত দরখাস্তকারীর বার্ষিক বেতন বৃদ্ধি ০৫ বছরের জন্য স্থগিত রাখার তর্কিত দন্ডাদেশ এতদ্বারা রদ-রহিত করা হলো। উক্ত দন্ডাদেশের কারণে দরখাস্তকারী বকেয়া বেতন-ভাতা (যদি প্রাপ্য থাকে) পরিশোধ করার জন্য নির্দেশ দেয়া হলো";

যেহেতু, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বরিশাল কর্তৃক বিভাগীয় মামলা নং-০২/২০১৮ এ প্রদত্ত দন্ডাদেশ রদ-রহিত করায় উক্ত আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকায় এ. এ. টি মামলা নং-৮১/২০২২ দায়ের করলে বিগত ০৭.০৫.২০২৫ তারিখে উক্ত এ. এ. টি মামলায় আদেশ হয় যে, "প্রশাসনিক ট্রাইব্যুনাল, বরিশাল এর এ. টি ২২/২০১৯ নং মামলায় বিজ্ঞ সদস্য ১৬.০৯.২০২১ তারিখে প্রার্থীর মামলা মঞ্জুরের যে রায় ও আদেশ দেন তা বহাল রাখা হলো";

যেহেতু, জনাব শুধাংসু কুমার সাহা এ. টি মামলা নং-২২/২০১৯ এর ১৬.০৯.২০২১ তারিখের রায় বাস্তবায়নের জন্য বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বরিশালে ডিক্রি জারির মামলা নং-০৫/২০২৫ দায়ের করেন; উক্ত ডিক্রি জারির মামলায় ০৪.১১.২০২৫ তারিখে আদেশ হয় যে, "WHEREAS Sudhanshu Kumar Saha, Father- Late- Sunil Chandra Saha, Village- Khotibariv Post- and Upazila- Dhunat, Dist- Bagura. Former Additional Regional Election Officer, Additional Regional Election Officer, Currrently serving as Senior Assistant Secretary at the Election Commission Secretariat, Agargaon, Dhaka, Petitioner of A. T. Case No 22/2019 and A. T Execution case No 05/2025 has made application to this Tribunal for execution of decree A.T Case No 22/2019, this is to given you notice that you are to appear before this Tribunal on the 3 of December 2025 to show cause why execution should not be granted. GIVEN under my hand and the seal of the Tribunal, this Thursday of 4 November 2025."



(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

অফিসের ঠিকানা ঃ

যোগাযোগ ঃ

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

যেহেতু, অত্র বিভাগীয় মামলার মূল নথিটি বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বরিশালে থাকায় তা ফেরত আনয়ন এবং উল্লিখিত এ. টি মামলা নং-২২/২০১৯ এর ১৬.০৯.২০২১ তারিখের রায় ও আদেশ, এ. এ. টি মামলা নং-৮১/২০২২ এর ০৭.০৫.২০২৫ তারিখের রায় ও আদেশ এবং ডিক্রি জারির মামলা নং-০৫/২০২৫ এর ০৪.১১.২০২৫ এর তারিখের আদেশের পরিপ্রেক্ষিতে করণীয় সম্পর্কে মতামত প্রদানের জন্য অত্র সচিবালয়ের আইন অনুবিভাগ-কে অনুরোধ করা হয়; তৎপ্রেক্ষিতে, আইন অনুবিভাগ কর্তৃক বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বরিশালে রক্ষিত মূল নথি ফেরত আনয়ন করে এবং বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বরিশাল এর রায় বহাল রাখায় তা বাস্তবায়ন করে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বরিশাল-কে অবহিত করা যায় মর্মে মতামত প্রদান করে;

সেহেতু, বিভাগীয় মামলা নং-০২/২০১৮ হতে উদ্ভুত এ. টি মামলা নং-২২/২০১৯, এ. এ. টি মামলা নং-৮১/২০২২ এবং ডিক্রি জারির মামলা নং-০৫/২০২৫ এর উপরোল্লিখিত রায় ও আদেশ এবং এতদবিষয়ে অত্র সচিবালয়ের আইন অনুবিভাগ প্রদত্ত মতামতের পরিপ্রেক্ষিতে জনাব শুধাংসু কুমার সাহা, প্রাক্তন অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল বর্তমান সিনিয়র সহকারী সচিব (সাময়িক বরখাস্তকৃত), নির্বাচন কমিশন সচিবালয়-কে বিভাগীয় মামলা নং-০২/২০১৮ এ বিগত ৩০.০৫.২০১৯ তারিখের ১৭.০০.০০০০.০১৫.২৭.০১৬.১৮-৩৩৫ নং স্মারক মূলে প্রদত্ত ০৫(পাঁচ) বছরের জন্য তার বার্ষিক "বেতন বৃদ্ধি স্থগিত" দন্ডাদেশ এতদ্বারা রদ-রহিত করে অত্র বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো। তিনি বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল ও বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের রায় ও আদেশ এবং বিধি মোতাবেক বকেয়াসহ বেতন-ভাতা প্রাপ্য হবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২০/১১/২৫
আখতার আহমেদ
সিনিয়র সচিব

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০১০.১৯- ৬৪০

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩২ / ২০ নভেম্বর ২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

০৩। যুগ্মসচিব....................(সকল) নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা — এ. টি মামলা নং-২২/২০১৯ এর ১৬.০৯.২০২১ তারিখের রায় ও আদেশ বাস্তবায়নের বিষয়টি বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বরিশালে অবহিত করাসহ ডিক্রি জারির মামলা নং-০৫/২০২৫ এর ০৪.১১.২০২৫ তারিখের আদেশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা-কে অনুরোধ করা হলো।

০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা।

০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা................(সকল)।

০৭। উপসচিব.....................................(সকল) নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

০৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার...............(সকল)।

০৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা | বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।

১১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক......................(সংশ্লিষ্ট)।

১২। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয় (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)।

১৩-১৬। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয় (মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)।

১৭। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৮। জনাব শুধাংসু কুমার সাহা, প্রাক্তন অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল বর্তমানে সিনিয়র সহকারী সচিব (সাময়িক বরখাস্তকৃত), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা, বর্তমান ও স্থায়ী ঠিকানা: কুটিবাড়ী, ধুনট, উপজেলা/থানা-ধুনট, জেলা-বগুড়া।

১৯। উর্দ্ধতন হিসাবরক্ষণ কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

২০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.............................(সংশ্লিষ্ট)।

২১। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ব্যক্তিগত নথিতে রেকর্ড সংরক্ষণের অনুরোধ করা হলো।

২০.১১.২৫
মোহাম্মদ আল-মামুন
সিনিয়র সহকারী সচিব সিসি (শৃঙ্খলা)



অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা ১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫